

India-Oman Strategic Consultative Group (IOSCG) Meeting

January 14, 2021

ভারত-ওমান কূটনীতিক পরামর্শ গোষ্ঠীর (আইএসসিজি) বৈঠক

জানুয়ারী 14, 2021

ভারত-ওমান কূটনীতিক পরামর্শ গোষ্ঠীর (আইএসসিজি) এক বৈঠক আজ নয়া দিল্লিতে ভার্চুয়াল মাধ্যমে অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন বিদেশ মন্ত্রকের সচিব (সিপিভি এবং ওআইএ) শ্রী সঞ্জয় ভট্টাচার্য, অপরপক্ষে ওমান প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কূটনৈতিক বিষয়ক উপ-সচিব মাননীয় শেখ খলিফা বিন আলী আল-হার্থি। কোভিড-19 মহামারীর সূত্রপাত থেকে ওমান ও ভারতের মধ্যে এটিই প্রথম উচ্চ-স্তরীয় সরকারী সফর।

কোভিড-19 মহামারী সত্ত্বেও দুই দেশ যে তাদের কূটনীতিক সম্পর্কের ক্ষেত্রে ঘনিষ্ঠ ও স্থায়ী যোগাযোগ রেখেছে সে ব্যাপারে উভয় পক্ষই সন্তুষ্টি প্রকাশ করে। মহামারী চলাকালীন ওমানের বিশাল সংখ্যক ভারতীয় সম্প্রদায়ের খেয়াল রাখার জন্য সচিব (সিপিভি এবং ওআইএ) ওমানি পক্ষকে ধন্যবাদ জানান। দুই দেশের মধ্যে এয়ার বাবল ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালিত হওয়ায় উভয় পক্ষ সন্তুষ্টি প্রকাশ করেন। মহামারীকালীন সময়ে ভারত থেকে ওমানে খাদ্য ও চিকিৎসা সহায়তার প্রশংসা করে ওমানি পক্ষ। ওমানকে কোভিড-19 ভ্যাকসিনের জন্য প্রয়োজনীয় সহায়তা দেওয়ার আশ্বাস দিয়েছে ভারত।

আইএসসিজি চলাকালীন উভয় পক্ষই রাজনৈতিক, জ্বালানি, বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা, সুরক্ষা, মহাকাশ, খনিজ দ্রব্য, এসঅ্যান্ডটি, সংস্কৃতি এবং রাষ্ট্রদূত সংক্রান্ত বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করে। উভয় পক্ষই ভবিষ্যৎ সম্পর্কের ক্ষেত্রে বিভিন্ন চুক্তি এবং সমঝোতা স্মারক গ্রহণ করবে বলে একমত হয়। কোভিড-19 পরবর্তী স্বাভাবিকতা ফিরে আসার পরে দুই দেশই বাণিজ্য এবং বিনিয়োগের যোগসূত্রগুলি ফিরে পাওয়ার প্রত্যাশায় আছে। স্বাস্থ্য ও খাদ্য সুরক্ষার ক্ষেত্রে ঘনিষ্ঠ সহযোগিতা নিয়েও তারা আলোচনা করেন। সাম্প্রতিককালের স্থানীয় উন্নয়নের পাশাপাশি পারস্পরিক আগ্রহজড়িত আন্তর্জাতিক ইস্যুতেও উভয় পক্ষ মতবিনিময় করেছে।

পররাষ্ট্র মন্ত্রী ডাঃ এস জয়শঙ্কর আজ ওমানি সহকারী সচিবকে স্বাগত জানান। মহামান্য সুলতান হাইথাম বিন তারিকের রাজত্বের প্রথম বার্ষিকীতে ওমানি পক্ষকে অভিনন্দন জানান পররাষ্ট্রমন্ত্রী । তিনি প্রধানমন্ত্রীর তরফ থেকে মাননীয় সুলতানের কাছে ভারত সফরের জন্য আমন্ত্রণ পেশ করেন। বিভিন্ন ক্ষেত্রে ভারত-ওমান কূটনৈতিক ও সহযোগিতা ক্ষেত্রে নিরবিচ্ছিন্ন শক্তিশালীকরণের প্রত্যাশা করেন তিনি ।

শেখ খলিফা আগামীকাল সুষমা স্বরাজ ইনস্টিটিউট ফর ফরেন সার্ভিস পরিদর্শন করবেন।

নিউ দিল্লি
জানুয়ারী 14, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.